

**গাজীপুর মেডিক্যাল
কলেজে ভর্তি
কার্যক্রম শুরু**
স্বাস্থ্য উপদেষ্টার পরিদর্শন

নিজস্ব প্রতিবেদক, ঢাকা ও গাজীপুর
গাজীপুর সরকারি মেডিক্যাল কলেজে
ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। গত ১৮
নভেম্বর অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানটিতে
প্রথম তরফ হবে ১ জানুয়ারি। এখনো
নিজস্ব ক্যাম্পাস নির্মিত না হওয়ায়
গাজীপুর সদর হাসপাতালের নতুন
চারতলা ভবনে কলেজের শিক্ষা
কার্যক্রম চলাবে।

প্রধানমন্ত্রীর স্বাস্থ্য, পরিবার কল্যাণ ও
সমন্বয়বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ডা.
সৈয়দ মোদায়েদুর আলী পরিবার
কলেজের প্রতিষ্ঠা পর্ব পরিদর্শন
করেন। পরে বিকেলে গাজীপুর
সার্কিট হাউজে গাজীপুর-১ আসনের
সংসদ সদস্য আ রু ম মোতাম্মেদ হক
ও স্বাস্থ্য মহাপালয়ের সচিব
এম এম নিয়াজ উদ্দিনের
উপস্থিতিতে এক মতবিনিময় সভা
অনুষ্ঠিত হয়।

পরিদর্শনকালে স্বাস্থ্য উপদেষ্টা বলেন,
সারা দেশে মেডিক্যাল কলেজে ভর্তি
পরীক্ষার অপেক্ষমাণ তালিকা থেকে
মেধাক্রম অনুযায়ী ৫০ জনকে বাছাই
করা হবে এই নতুন কলেজে ভর্তির
জন্য।

মতবিনিময় অনুষ্ঠানে স্বাস্থ্যসচিব
জানান, এরই মধ্যে ময়মনসিংহ
মেডিক্যাল কলেজের মেডিসিন
বিভাগের অধ্যাপক মো. গোলাম
কিবরিয়া খানকে গাজীপুর মেডিক্যাল
কলেজের অধ্যক্ষ নিয়োগ দেওয়া
হয়েছে। শিওক নিয়োগসহ অন্য
আনুষঙ্গিক কার্যক্রমও চলাবে
দ্রুতগতিতে।

এ সময় স্বাস্থ্য মহাপালয়ের অতিরিক্ত
সচিব মো. আহম্মদুল রহমান খান,
গাজীপুরের জেলা প্রশাসক মো. নূরুল
ইসলাম, স্বাধীনতা চিকিৎসক
পরিষদের সভাপতি ডা. মো. আলী
হারশার খান প্রমুখ উপস্থিত ছিলেন।